

# অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে বৈঠকের পর যে ঘোষণা দিলেন প্রাথমিকের শিক্ষকরা

অনলাইন ডেক্স



ফাইল ছবি

অর্থ মন্ত্রণালয়ের আশ্বাসে আন্দোলন

প্রত্যাহারের ঘোষণা দিয়েছেন সরকারি প্রাথমিক  
বিদ্যালয়ের শিক্ষকরা। একই সঙ্গে আগামীকাল  
মঙ্গলবার (১১ নভেম্বর) থেকে শ্রেণিকক্ষে  
ফেরার ঘোষণা দিয়েছেন তারা।

সোমবার (১০ নভেম্বর) অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে  
সভা শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ  
ঘোষণা দেন খায়রুন নাহার লিপি।

তিনি বলেন, ‘প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে  
একটি লিখিত বক্তব্যের মাধ্যমে আমাদের  
আশ্বাস দিয়েছেন।

তারা বেতন কমিশনে প্রাথমিক শিক্ষকদের  
১১তম গ্রেডের বিষয়ে একটি প্রস্তাব  
পাঠিয়েছেন। পে কমিশন থেকে এটি চূড়ান্ত  
হলে তা অর্থ মন্ত্রণালয়ে পাঠানো হবে। এটি  
প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের  
একটি বড় বিজয়।'

খায়রুন নাহার লিপি বলেন, 'যেহেতু প্রাথমিক  
শিক্ষকদের ১১তম গ্রেডের বিষয়ে মন্ত্রণালয়  
একটি প্রেস বিজ্ঞপ্তি দিয়েছে, সেহেতু আমরা  
এটিকেই প্রজ্ঞাপন হিসেবে ধরে নিচ্ছি।

এটি আমাদের প্রাথমিক বিজয়। আমরা  
মন্ত্রণালয়ের আশ্বাসে আস্থা রেখে আমাদের সব  
কর্মসূচি প্রত্যাহার করব। একই সঙ্গে আমরা  
শ্রেণিকক্ষে ফিরব।'

এর আগে গতকাল রবিবার প্রাথমিক শিক্ষা  
মন্ত্রণালয়ের সঙ্গে বৈঠক করেন শিক্ষকরা।

প্রসঙ্গত, সহকারী শিক্ষকদের দশম গ্রেডে  
বেতন দেওয়া, উচ্চতর গ্রেডের জটিলতার স্থায়ী  
সমাধান ও সহকারী শিক্ষকদের শতভাগ  
বিভাগীয় পদোন্নতির নিশ্চয়তার দাবি রাজধানীর

কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান কর্মসূচি পালন  
করে আসছিলেন শিক্ষকরা। অবশেষে কর্মসূচি  
প্রত্যাহার করে ক্লাসে ফেরার ঘোষণা দিলেন  
তারা।